দৈনিক
জনকণ্ঠ

তারিখ 17 MAR 2015
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির চতুর্থ শ্রেণীর কর্মচারীরা ৬৬ বছর পর আবাসিক সুবিধা পেলেন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্ব দিয়ে ১৯৪৯ সালে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার হয়েছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এর ৬১ বছর পর ২০১০ সালের ১৪ আগস্ট বিশ্ববিদ্যালয় প্রশাসন সেই বহিষ্কারাদেশ বাতিল করে জাতির জনকের ছাত্রত্ব ফিরিয়ে দেয়। কিন্তু যে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য জাতির জনক বাহিষ্কার হয়েছিলেন, বিভিন্নভাবে তারা বিশ্ববিদ্যালয়ের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত ছিলেন। প্রয়োজনীয় বাজেট এবং উদ্যোগের অভাবে ভাল একটি আবাসিক ভবন পর্যন্ত ছিল না তাদের। সেই ঘটনার ৬৬ বছর পর, ২০১৫ সালে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা আবাসিক সুবিধা হিসেবে পেলেন 'বঙ্গবন্ধু টাওয়ার'। গত রবিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক নবনির্মিত ২০তলা এই টাওয়ারে বরাদ্দ পাওয়া কর্মচারীদের মধ্যে কক্ষের চাবি তুলে দেন।

বিশ্ববিদ্যালয়ের শিববাড়ী আবাসিক এলাকার ঘেষে নবনির্মিত ২০তলা এই টাওয়ার ভবনটির কাজ শুরু হয়েছিল ২০১০ সালে। জাতির জনক বঙ্গবন্ধুকন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই ভবনটির উদ্বোধন করেন ২০১৩ সালের ১৪ নবেম্বর। প্রধানমন্ত্রীর বিশেষ সহায়তায় এই ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সহিদ আকতার হুসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ শাহজাহান।

এ সময় উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক উদ্যোগে এই টাওয়ার ভবনের নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয়েছে। সে জন্য উপাচার্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

এই ভবনের মাধ্যমে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দীর্ঘদিনের স্বপ্ন ও আকাঙ্ক্ষার বাস্তবায়ন হয়েছে উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ শাহজাহান জনকণ্ঠকে জানান, জাতির পিতা আমাদের অধিকার আদায়ে যে ত্যাগ করেছিলেন তার জন্য আমরা সবাই কৃতজ্ঞ। তাঁর নামানুসারে এই ভবনটির নামকরণ করায় আমরা কর্তৃপক্ষ ও সরকারের কাছে চিরকৃতজ্ঞ।